

বহুবার ১৬ ফেব্রুয়ারী ২০১৭

ইলিশ সম্পদ সংরক্ষনে সংশ্লিষ্ট সকলের এগিয়ে আসা উচিত

ভোলা প্রতিনিধি । জেলা মৎস্য অধিদপ্তরের সহযোগিতায় ইউএসএআইডি'র অর্থায়নে ওয়াল্ডফিশ বাংলাদেশ এবং কোস্ট ট্রাস্ট কর্তৃক বাস্তবায়নাধীন ইকোফিশ প্রকল্পের বুধবার ভোলা জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে ইলিশ সংরক্ষনের সহ- ব্যবস্থাপনা কাঠামো নির্ধারণ বিষয়ক এক কর্মশালা অনুষ্ঠিত হয়। উক্ত

৩য় পাতায় ৩ কলাম

ইলিশ সম্পদ সংরক্ষনে সংশ্লিষ্ট

কর্মশালায় ভোলা উপজেলার ধনিয়া, কাচিয়া, শিবপুর, ইলিশা রাজাপুর ইউনিয়নের চেয়ারম্যান মেম্বার জেলে, আড়ৎদার এইচসিজি, সিএসজি ও মৎস্য অবতরন কেন্দ্রের নেতা সহ ১২০

জন উপস্থিত ছিলেন। এতে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ভোলা জেলার জেলা প্রশাসক মোঃ সেলিম উদ্দিন এবং বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উপ-পরিচালক, বিভাগীয় মৎস্য অধিদপ্তর, বরিশাল মোঃ বজলুর রশিদ, ইকোফিশ প্রকল্পের টিম লিডার প্রফেসর এম এ

ওহাব, ভোলা জেলার অতিরিক্ত জেলা প্রশাসক সুব্রত কুমার শিকদার (সার্বিক) অতিরিক্ত জেলা প্রশাসক মাহমুদুল হক (রাজস্ব), কোস্ট গার্ড দঃ জোন ভোলা লেঃ কমান্ডার সাজ্জাদ হোসেন বিশেষ অতিথি ছিলেন ভোলা সদর উপজেলার নিবাহী কর্মকর্তা মোঃ মোজাহিদুল ইসলাম, ইকোফিশ প্রকল্প ম্যানেজার ডঃ নাহিদুজ্জামান ও রিসার্চ এসোসিয়েট ইফতেখারমল ইসলাম, ভোলা সদর উপজেলার সিনিয়র মৎস্য কর্মকর্তা জনাব মোঃ আসাদুজ্জামান, ভোলা সদর উপজেলার পরিষদের ভাইস চেয়ারম্যান আলহাজ্ব মোঃ ইউনুস মিয়া ভোলা ধনিয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এমদাদ হোসেন কবির সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মীর মোঃ খাইরমল কবির, ভোলা জেলা পরিষদের প্যানেল চেয়ারম্যান সাফিয়া খাতুন,